# পবিত্র বাইবেল পরিচিতি ও পর্যালোচনা

বিভাগ/অধ্যায়ঃ চতুর্থ অধ্যায় - ভুলভ্রান্তি

রচয়িতা/সঙ্কলকঃ ড. খোন্দকার আব্দুল্লাহ জাহাঙ্গীর (রহ.)

## ৪. ২. ২৭. বৈৎসৈদা গালীল প্রদেশের অন্তর্ভুক্ত ছিল না

যোহন (১২/২১) লেখেছেন: "ইহারা গালীলের বৈৎসৈদা নিবাসী ফিলিপের নিকট আসিয়া তাঁহাকে বিনতি করিল, মহাশয়, আমরা যীশুকে দেখিতে ইচ্ছা করি।"

এখানে কিং জেমস ভার্শনের পাঠ: "which was of Bethsaida of Galilee: গালীলের বৈৎসৈদা নিবাসী"। রিভাইযড ভার্শন ও অধিকাংশ ইংরেজি ভার্শনের পাঠ: "who was from Bethsaida in Galilee: গালীলের মধ্যকার বৈৎসৈদা নিবাসী"। জুবিলী বাইবেল: "তিনি গালিলেয়ার বেথসাইদার মানুষ ছিলেন।" বাইবেল-২০০০ ও কিতাবুল মোকাদ্দস-২০০৬: "ফিলিপ ছিলেন গালীল প্রদেশের বৈৎসৈদা গ্রামের লোক।"

'গীললের বৈৎসৈদা', 'গালীল প্রদেশের বৈৎসৈদা' বা 'গালীলের মধ্যকার বৈৎসৈদা' কথাটা ভুল। বৈৎসৈদা গালীল প্রদেশের অন্তর্ভুক্ত ছিল না; বরং গলানিটিস (Gaulontinis/ Gaulanitis) বা গোলান (Golan) প্রদেশের অন্তর্ভুক্ত ছিল। গালীল ও গোলান পাশাপাশি দুটো ভিন্ন প্রদেশ। গালীল সাগরের উত্তর পশ্চিমে গালীল প্রদেশ আর উত্তর-পূর্বে গোলান প্রদেশ। এ বিষয়টা প্রমাণ করে যে, ইঞ্জিলগুলোর লেখক যীশুর শিষ্য বা ফিলিস্তিনের কোনো ইহুদি ছিলেন না। অ-ইহুদি রোমান লেখক ফিলিস্তিনের বিষয়ে ভাল না জানার কারণে গোলান প্রদেশের একটা শহরকে গালীল প্রদেশের শহর বলে চালিয়ে দিয়েছেন। ধর্মগুরুরা মূল ভুলটা স্বীকার করে বলেন, যদিও বৈৎসৈদা গালীল প্রদেশের অন্তর্ভুক্ত নয়; তবে তা গালীল সাগরের নিকটবর্তী। তাঁদের এ ব্যাখ্যা আরো নিশ্চিত করে যে, ইঞ্জিল লেখক নিকটবর্তী দেখেই ভুল করেছিলেন। কারণ তিনি গালীল সাগরের নিকটবর্তী শহরকে অজ্ঞতাবশত গালীল প্রদেশের অন্তর্ভুক্ত লেখেছেন।[1]

## ফুটনোট

[1] http://www.bidstrup.com/bible2.htm

Source — https://www.hadithbd.com/books/link/?id=14189

হাদিসবিডির প্রজেক্টে অনুদান দিন